গোপনীয়

**বাংলাদেশ কৃষি ব্যাংক**
প্রধান কার্যালয়, ঢাকা।
শৃঙ্খলা ও আপিল বিভাগ

নং-প্রকাঃএইচআরএমডিঃ০৩ঃ০১ঃ৩৮৩১/২৩-২৪/ ৩১১৯

তারিখঃ ০৭.০৫.২০২৪ খ্রি.

কর্মীসংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব নিশাত নূর নাজিয়া (এন-১৬৩০), মুখ্য কর্মকর্তা, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা এর ০১.০৯.২০২১ খ্রি. তারিখ হতে ১৫.০৬.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত মোট ০১ বছর ০৯ মাস ১৮ দিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা একাধিকবার কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করলেও যোগদান না করা এবং পূর্ব নোটিশ ব্যতিরেকে ব্যাংক বিধি পরিপালন না করে চাকরি হতে ইস্তফার আবেদনের কারণে ব্যাখ্যা তলব করা হলে জবাব সন্তোষজনক না দেওয়া সংক্রান্ত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীন শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ এর (ক), (খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নমূলক অপরাধের দায়ে ০৭/২৩-২৪ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করে এ বিভাগের ১৯.০৭.২০২৩ খ্রি. তারিখের প্রকাঃএইচআরএমডিঃ০৩ঃ০১ঃ৩৮৩১(শৃঙ্খলা)/২০২৩-২০২৪/২১৬ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়েছিল। আপনি আপনার বিরুদ্ধে জারীকৃত অভিযোগনামার কোন জবাব কর্তৃপক্ষের নিকট দাখিল করেননি এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেছিলেন।

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে আপনি জনাব নিশাত নূর নাজিয়া আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক আপনাকে চাকরি হতে বরখাস্ত বা প্রবিধিতে বর্ণিত অন্য কোন গুরুদন্ড প্রদান করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা প্রবিধিতে বর্ণিত অন্য কোন গুরুদন্ড প্রদান করা হবে না এই মর্মে ০৪.১২.২০২৩ খ্রি. তারিখের এ বিভাগের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৮৩১ (শৃঙ্খলা)/২০২৩-২০২৪/১৬৫৫ নম্বর কর্মীসংক্রান্ত ঘোষণামূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হয়েছিল;

০৪। যেহেতু আপনি জনাব নিশাত নূর নাজিয়া এ বিভাগের ০৪.১২.২০২৩ খ্রি. তারিখের উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করে আপনি জনাব নিশাত নূর নাজিয়া আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড তথা চাকরি হতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

০৫। এক্ষণে সেহেতু সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করে অভিযুক্ত জনাব নিশাত নূর নাজিয়া-কে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক চাকরি হতে বরখাস্তের আদেশ দেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব নিশাত নূর নাজিয়া
(ভঃতঃসূচক নং- এন-১৬৩০)
মুখ্য কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ
গ্রামঃ ছোট মোল্লাকান্দি
পোঃ চরডুমুরিয়া
থানাঃ মুন্সীগঞ্জ সদর
জেলাঃ মুন্সীগঞ্জ।

স্বাক্ষরিত
(মোহাঃ আতিকুর রহমান)
উপমহাব্যবস্থাপক

---

নং-প্রকাঃএইচআরএমডিঃ০৩ঃ০১ঃ৩৮৩১/২৩-২৪/ ৩১১৯ (১৮)

তারিখঃ ০৭.০৫.২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মীসংক্রান্ত ঘোষণাটি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকরি বহিতে লিপিবদ্ধ করতঃ আদেশটি নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মীসংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
০৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ঢাকা। এতৎসঙ্গে প্রেরিত মূল কর্মীসংক্রান্ত ঘোষনাটি জনাব নিশাত নূর নাজিয়া এর নিকট প্রাপ্তিস্বীকার রসিদ মারফত হস্তান্তর করতঃ রসিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া জনাব নিশাত নূর নাজিয়া-কে না পাওয়া গেলে তার নিকট-আত্নীয়ের (পিতা-মাতা, ভাই-বোন, স্বামী ও ছেলে-মেয়ে) নিকট প্রাপ্তিস্বীকার রসিদের মাধ্যমে হস্তান্তর করবেন। সংশ্লিষ্ট কর্মকর্তা বা তার পরিবারের কোন সদস্যকে তার স্থায়ী ঠিকানায় পাওয়া না গেলে অভিযুক্তের বর্তমান বা স্থায়ী ঠিকানায় কর্মীসংক্রান্ত ঘোষণাটি আপনার কার্যালয়ের একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে তার বসতবাড়ীর সদর দরজায় সহজে দৃশ্যমান হয় এমন কোন স্থানে ০২ (দুই) জন সাক্ষীর উপস্থিতিতে লটকাইয়া জারি করতঃ সাক্ষীগণের স্বাক্ষর, নাম, ঠিকানা ও মোবাইল নাম্বার গ্রহণপূর্বক জারি সংক্রান্ত একটি প্রতিবেদন এ বিভাগে পৌছানো নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, ঢাকা।
১০। নথি/মহানথি/মূলনথি।

০৭.০৫.২৪
(মোহাম্মদ রবিউল আউয়াল)
সহকারী মহাব্যবস্থাপক